12

আজকের কাগজ

তারিখ 11 FEB 1993
পৃষ্ঠা ৮ কলাম ২

# দেশকে নিরক্ষতার অভিশাপ থেকে মুক্ত করতে হবে— নোমান

বন, পরিবেশ এবং মৎস্য ও পশুপালন মন্ত্রী আব্দুল্লাহ্ আল নোমান বলেছেন, দেশকে নিরক্ষতার অভিশাপ থেকে মুক্ত করার জন্যে শহীদ জিয়ার কর্মসূচির সফল বাস্তবায়ন করতে হবে। গতকাল জাতীয় ক্রীড়া পরিষদে জিয়া আদর্শ সংসদ আয়োজিত জিয়াউর রহমান ও গণশিক্ষা কার্যক্রম শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথাগুলো বলেছেন।

বিশেষ অতিথির ভাষণে শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউসুফ খান বলেন, দেশের আপামর জনগোষ্ঠিকে শিক্ষিত করে তোলার জন্যে সকলকে মাঠ পর্যায়ে কাজ করতে হবে। উপমন্ত্রী জাহিদুল হক বলেন, দেশের মোট ৮৪ শতাংশকে নিরক্ষর রেখে দেশের প্রকৃত উন্নয়ন সম্ভব নয়। অন্যান্য নেতারা গণশিক্ষা কার্যক্রম সফল করার আহবান জানান। খবর বিজ্ঞপ্তির।